



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd. email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং-মাউশিবোদি/বিদ্যা/অনু/২০২৫/

তারিখ: .....

## বিষয়: মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১. অত্র শিক্ষা বোর্ডের ০৬/০১/২০২৫ তারিখে অনুষ্ঠিত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির ৫ম সভার সুপারিশ।

২. অত্র শিক্ষা বোর্ডের ২২/০১/২০২৫ তারিখের ৪৯ তম বোর্ড সভায় ০৬/০১/২০২৫ তারিখে অনুষ্ঠিত মঞ্জুরী কমিটির ৫ম সভার সুপারিশ অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসমূহের অধীনে পঞ্চগড় মডেল স্কুল এন্ড কলেজ-এ ০১/০১/২০২৫ খ্রি. তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচী ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতি প্রাপ্ত বিষয় সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের পর স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

### শর্তসমূহ:

- ১। মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিকে কোন অবস্থাতে মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- ২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমানে জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- ৪। নীতিমালা অনুযায়ী মাধ্যমিক বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলে ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা FDR স্থায়ী আমানত হিসেবে ও সাধারণ তহবিলে ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যাংকে জমা রাখতে হবে।
- ৫। ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/০৭/২০২৩ তারিখে প্রজ্ঞাপনের আলোকে মাধ্যমিক স্তরের জন্য ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকা যৌথনামে। ১. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি, ২. জেলা শিক্ষা অফিসার। প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- ৬। বিদ্যালয়ের কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম, ঠিকানা এবং EIIN ইংরেজি ক্যাপিটাল লেটার এ লিখে প্রয়োজনীয় ফি সহ বোর্ডে দাখিল করতে হবে।
- ৭। স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ের নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
- ৮। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
- ৯। সরকারী নীতিমালা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- ১০। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১১। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১২। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময়ে এ অনুমোদন বাতিল করতে পারে।
- ১৩। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ১৪। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর নাম, NID ও মোবাইল নম্বর, শিক্ষার্থী, পরীক্ষার্থী, জমি, ভবন ইত্যাদি সবসময় হালনাগাদ করে রাখতে হবে।
- ১৫। প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব থাকতে হবে।
- ১৬। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য ভবনে র্যাম্প সুবিধা থাকতে হবে।
- ১৭। প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য খেলাধুলার মাঠ থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষর:

(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

তারিখ: ২৬/০১/২০২৫

প্রাপক

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

পঞ্চগড় মডেল স্কুল এন্ড কলেজ

ডাকঘর: পঞ্চগড়, উপজেলা: পঞ্চগড় সদর, জেলা: পঞ্চগড়। EIIN-140057

স্মারক নং- মাউশিবোদি/বিদ্যা/অনু/২০২৫/ ২৬৫৭ (১৩)

### অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ঢাকা-১২০৫।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ৫। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৭। জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর, পঞ্চগড়।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ১০। সভাপতি, পরিচালনা কমিটি, পঞ্চগড় মডেল স্কুল এন্ড কলেজ, সদর, পঞ্চগড়।
- ১১। পি এস টু, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ১২। আই.সি.টি ইউনিট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ১৩। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষর: ২৬/০১/২০২৫  
(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

২৬/০১/২৫